গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৪৮.১৮-৫০৪

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৫ / ২৫ জুলাই ২০১৮

বিষয় : "জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত "জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ১৮/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সচিব, সুরক্ষা সেবা বিভাগ। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

Monir
২৫/০৭/১৮

(মোহাম্মদ মনিরুজ্জামান)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অতিরিক্ত সচিব (কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
(৬) উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অফিস কপি।
(৫) মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব,<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ১৮/০৭/২০১৮খ্রি: |
| সময় | : | বিকাল ৩.৩০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। অত:পর "জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্পের খসড়া ডিপিপি'র উপর প্রেজেন্টেশন উপস্থাপন করার জন্য উপ-প্রধানকে অনুরোধ করেন।

০২। উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৭৭০৪.৪৮ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই'২০১৮ থেকে জুন'২০২১ পর্যন্ত। প্রকল্পটি ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিতে বরাদ্দহীন অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে রয়েছে আধুনিক সুযোগ সুবিধা সংযোজন করে জেলা কারাগার পুন:নির্মাণ, সরকারের সর্বশেষ দিকনির্দেশনা মোতাবেক তথ্য প্রযুক্তির সন্নিবেশকরণ, কারা বন্দিদের জন্য সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কারা কর্মকর্তা/কর্মচারীদের জন্য একক ও পারিবারিক বাসস্থান নির্মাণ।

০৩। সভাপতি প্রকল্পের পটভূমি সম্পর্কে জানতে চাইলে কারা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, জামালপুর জেলা কারাগারটি ১৮৯৯ সালে উপ-কারাগার হিসেবে প্রতিষ্ঠা লাভ করে এবং ১৯৮৮ সালে জেলা কারাগারে উন্নীত হয়। কারা অভ্যন্তরে ৪.১৮ একর এবং বাহিরে ৯.৮৪ একর সহ কারাগারটির মোট জমির পরিমাণ ১৪.০২ একর যা জামালপুর শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত। কারাগারটির বন্দি ধারণ ক্ষমতা পুরুষ ২৯১ জন ও মহিলা ১৬ জনসহ মোট ৩০৭ জন। কারাগারটিতে বর্তমানে মোট ৬৮৮ বন্দি আটক রয়েছে। ১১৯ বছর পূর্বে নির্মিত কারাগারটির অধিকাংশ ভবন জরাজীর্ণ এবং ব্যবহারের অযোগ্য। বর্তমানে বন্দিদেরকে গাদাগাদি করে একটি অস্বাস্থ্যকর পরিবেশে রাখতে হচ্ছে। মহিলা বন্দিদের থাকার জায়গার অভাবে তাদেরকে নিকটস্থ শেরপুর জেলা কারাগারে আটক রাখা হচ্ছে। তিনি আরো জানান যে, কারাগার পূন:নির্মানের জন্য প্রয়োজনীয় জমি কারাগারের বর্তমান ক্যাম্পাসেই রয়েছে এবং এতে করে উক্ত প্রকল্পের জন্য নতুন করে ভুমি অধিগ্রহণের প্রয়োজন হবে না।

০৪। প্রস্তাবিত কারাগার পুন:নির্মাণের সময় কারাগারে অবস্থিত বর্তমান বন্দিদের অন্যত্র স্থানান্তর করা প্রয়োজন হবে কিনা সভপতি জানতে চাইলে কারা মহাপরিদর্শক জানান এ ক্ষেত্রে বন্দিদের অন্যত্র স্থানান্তরের প্রয়োজন হবে না।

০৫। গণপূর্ত বিভাগের প্রতিনিধি জানান যে, ইতোমধ্যেই উক্ত প্রকল্পের জমির ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে এবং প্রকল্পের মাস্টার প্লানও প্রণয়ন করা হয়েছে। এছাড়া বহি: বিদ্যুতায়ন, সৌর বিদ্যুতায়ন, রেইন ওয়াটার হার্ভেস্টিং ও এসটিপি, বনায়ন, সিকিউরিটি, আসবাবপত্র ইত্যাদির সংস্থান রাখা হয়েছে। পিডব্লিউডি'র ২০১৪ সালের রেট সিডিউল অনুযায়ী ব্যয় প্রাক্কলন করা হয়েছে বলেও সভাকে জানানো হয়। সভাপতি কারাগারকে সংশোধনাগার হিসেবে গড়ে তোলার কথা মাথায় রেখে সিলেট কেন্দ্রীয় কারাগারকে মডেল হিসাবে নিয়ে উক্ত প্রকল্পের ডিজাইন প্রণয়ন করার পরামর্শ প্রদান করেন। এছাড়া ডিপিপি'তে নিরাপত্তা যন্ত্রপাতি প্যাকেজে লাগেজ স্ক্যানার সংযোজন এবং পিডব্লিউডি'র ২০১৮ সালের রেট সিডিউল অনুযায়ী ব্যয় প্রাক্কলন করার জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৬। উপ প্রধান সভায় জানান যে, কারাগারকে সংশোধনাগারে রুপান্তরিত করার লক্ষ্যে বর্তমান সরকার কাজ করছে; যা প্রকল্পের উদ্দেশ্য প্রতিফলন প্রয়োজন। তাছাড়াও তিনি প্রকল্পের ব্যয় প্রাক্কলনে পিডাব্লিউডির সর্বশেষ রেট শিডিউল অনুসরণ এবং নতুন ইকনমিক কোড এবং সাব ইকনমিক কোড প্রদানের উপর গুরুত্বারোপ করেন। তিনি প্রস্তাবিত কারাগারকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য টেলিফোন বুথ স্থাপন, কাউন্সেলিং রুম স্থাপন, প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং মাদকাসক্ত বন্দিদের জন্য হাসপাতালে আলাদা ওয়ার্ড স্থাপনের উপর গুরুত্বারোপ করেন। তাছাড়া, প্রস্তাবিত ডিপিপিতে ১টি স্টাডি ট্যুর এর সংস্থান রাখা এবং STP এর উপর ওয়ার্কশপ আয়াজনের প্রস্তাবিত বাজেট বাদ দেয়ার জন্য মতামত প্রদান করেন ।

০৭। প্রকল্পের জনবল হিসেবে ০৪ (চার) জন প্রস্তাব করা হয়েছে, যা হলো প্রকল্প পরিচালক ০১ জন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১ জন, গাড়ীচালক ০১ জন এবং অফিস সহায়ক ০১জন। প্রকল্পের কাজের স্বার্থে প্রকল্পের জন্য ০১ জন হিসাব রক্ষক থাকা প্রয়োজন বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৮। সভায় বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহীত হয়:

(৮.১) স্বয়ংসম্পূর্ণ কারাগার হিসাবে গড়ে তোলার জন্য টেলিফোন বুথ, লাইব্রেরী, কাউন্সেলিং রুম, প্রশিক্ষণ কেন্দ্র ইত্যাদি নির্মাণের জন্য ডিপিপি'তে সংস্থান রাখা ;

(৮.২) কারাগারকে সংশোধনাগার হিসাবে গড়ে তোলার বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রকল্পের উদ্দেশ্য Rewrite করা;

(৮.৩) প্রকল্পের বর্ণনা অংশে বর্তমান কারাগারে কর্মকর্তা কর্মচারীর সংখ্যা, কারাগারের বন্দি ধারণ ক্ষমতা, বন্দির পরিসংখ্যান, এবং অন্যান্য সমস্যর বিষয়ে বর্ননা প্রদান করা;

(৮.৪) ডিপিপি'তে নিরাপত্তা যন্ত্রপাতি প্যাকেজে লাগেজ স্ক্যানার ও অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি রাখা;

(৮.৫) প্রস্তাবিত নতুন কারাগারের সাক্ষাতকার কক্ষের সাউন্ড যাতে ইকো না হয় সে জন্য ডিজাইন সংশোধন করা;

(৮.৬) হাসপাতালের যন্ত্রপাতির জন্য প্রস্তাবিত বরাদ্দ যৌক্তিকভাবে নির্ধারণ করা;

(৮.৭) এসটিপির উপর জাতীয় কর্মশালা আয়োজন এবং এসটিপির পরামর্শক নিয়োগের জন্য প্রস্তাবিত বরাদ্দ বাদ দেয়া। পরামর্শক এর জন্য আলাদা বরাদ্দ না রেখে এসটিপি নির্মাণ ব্যয়ে অন্তর্ভুক্ত করা;

(৮.৮) ডিভিশন প্রাপ্ত বন্দি , মাদক এবং জঙ্গী কার্যক্রমের সাথে জড়িত বন্দি দের জন্য আলাদা বিল্ডিং নির্মাণ করা;

(৮.৯) PSC এবং PIC তে যুগ্ম সচিব (উন্নয়ন) এবং যুগ্ম সচিব (কারা) এর স্থলে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব এর নাম অন্তর্ভুক্ত করা;

(৮.১০) PWD এর ২০১৮ এর সিডিউল মোতাবেক ব্যয় প্রাক্কলন করা;

(৮.১১) পুরাতন ইকনমিক কোড ও সাব ইকনমিক কোডের পরিবর্তে নতুন ইকনমিক কোড ও সাব কোড অন্তর্ভুক্ত করা;

(৮.১২) প্রকল্পের আওতায় বিদেশ প্রশিক্ষণের সংস্থান রাখা;

(৮.১৩) প্রাকল্পের আওতায় ১জন হিসাবরক্ষণ নিয়োগের প্রস্তাব করা এবং পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে জনবল নির্ধারণী কমিটির সুপারিশ গ্রহণ করা;

(৮.১৪) পুনর্গঠিত ডিপিপি ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা;

০৯। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-২

১৮ জুলাই ২০১৮ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "জামালপুর জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র ওপর যাচাই-বাছাই কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01711225725 | [signature] ১৮/০৭/১৮ |
| ২. | মনিরুল আলম, অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01711-854831 | [signature] ১৮/০৭/১৮ |
| ৩. | আব্দুল্লাহ আল মামুন, নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01817549415 | [signature] |
| ৪. | নুসরাত আহমেদ, সহকারী প্রধান স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01714241902 | [signature] 18.07.18 |
| ৫. | মো: মকলেছুর রহমান, জেল সুপার | জামালপুর জেলা কারা - | 01712024700 | [signature] ১৮/০৭/১৮ |
| ৬. | মোহাম্মদ সাজ্জাদ হোসেন, সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) | কারা অধিদপ্তর | 01769970020 | [signature] ১৮/৭/১৮ |
| ৭. | মোহাম্মদ মনিরুজ্জামান, সহকারী প্রধান | SSD | 01875001300 | [signature] ১৮/০৭/১৮ |
| ৮. | সৈয়দ বেলাল হোসেন, যুগ্ম সচিব | SSD | 01711435104 | [signature] |
| ৯. | জিবন আহমেদ, সি. সহ: প্রধান | সুসেবি | 0176323838 | [signature] ১৮/৭/১৮ |
| ১০. | ব্রি. জেনারেল ইফতেখার, কারা মহাপরিদর্শক | কারা অধিদপ্তর | 01769970000 | [signature] ১৮/৭/১৮ |
| ১১. | | | | |
| ১২. | | | | |